



বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
আবহাওয়ার পূর্বাভাস ও কৃষি পরামর্শ কেন্দ্র, কল্যাণী,
(Starting of Experimental Agromet Advisory Services, N.C.M.R.W.F., New Delhi)

Tel : (033) 2582-8721
E-mail : aaskalyani@rediffmail.com Bulletin : Agromet/49/2007-08
aas_kalyani@yahoo.com

Directorate of Research,
B.C.K.V., Kalyani..

কৃষি বিশ্ববিদ্যালয়ের আবহাওয়া কেন্দ্রের আগামী চারদিনের আবহাওয়ার পূর্বাভাস
(১৩ ই নভেম্বর – ১৬ ই নভেম্বর, ২০০৭)

- ❖ ১৩ ও ১৪ তারিখ আকাশ পরিষ্কার থাকার সম্ভাবনা আছে । ১৫ ও ১৬ তারিখ আকাশ প্রধানতঃ মেঘাচ্ছন্ন থাকার সম্ভাবনা আছে ।
- ❖ আগামী ১৫ ও ১৬ তারিখে হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা আছে । আগামী সাত দিনে (১৩ ই নভেম্বর – ১৯ শে নভেম্বর) মোট ৫০ মিলিমিটার বৃষ্টিপাতের সম্ভাবনা আছে ।
- ❖ উত্তর দিক থেকে ঘণ্টায় ৩ – ৪ কিলোমিটার বেগে বায়ুপ্রবাহের সম্ভাবনা রয়েছে ।
- ❖ বাতাসের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রার বিশেষ হেরফের হওয়ার সম্ভাবনা নেই । বাতাসের সর্বোচ্চ তাপমাত্রা ২৭ থেকে ৩০ ডিগ্রী সেন্টিগ্রেড ও সর্বনিম্ন তাপমাত্রা ১৬ থেকে ১৮ ডিগ্রী সেন্টিগ্রেডের কাছাকাছি থাকার সম্ভাবনা রয়েছে ।

আবহাওয়া ভিত্তিক সাতাহিক কৃষি পরামর্শ

আলু : যে সমস্ত চাষী ভাইরা এখনও জমি তৈরীর কাজ শেষ করেননি, তাঁরা বিঘাপ্রতি দেড় থেকে দুই টন হারে গোবর অথবা কম্পোস্ট সার প্রয়োগ করে জমি চাষ করুন । শেষ চাষের আগে মূল সার হিসাবে বিঘাপ্রতি ৪৪ কিলোগ্রাম ইউরিয়া, ১০৪ কিলোগ্রাম সুপার ফসফেট এবং ২৮ কিলোগ্রাম মিউরিয়েট অফ পটাশ সার প্রয়োগ করুন । যাহাদের জমি তৈরী হয়ে গেছে তাহারা ২০ - ৩০ গ্রাম ওজনের বীজ আলু ৪৫ X ১৫ সেন্টিমিটার দূরত্বে সারিতে ৬ - ৭ সেন্টিমিটার গভীরে বসান । বীজ শোধন: ২ গ্রাম মিথোক্সিস ইথাইল মারকিউরিক স্লেরাইড (এমিসন-৬, ব্যাগালল-৬) প্রতিলিটার জলে গুলে ২ মিনিট আলুবীজ ভিজিয়ে ছায়ায় শুকিয়ে নিয়ে জমিতে বসাতে হবে ।

গম : গমের জমি তৈরী করার কাজ শীঘ্রই শেষ করুন । সোনালিকা, ইউ. পি.-২৬২, জনক, এউচ. পি.-১২০৯, ও বি. ডব্লু.-১১ ইত্যাদি অনুমোদিত বীজ শীঘ্রই সংগ্রহ করুন । বোনার ঠিক পূর্বে ৭ - ৮ হাত দূরে দূরে ৬ ইঞ্চি উঁচু অস্থায়ী আল তুলে জমিটিকে কতগুলি

ফালিতে ভাগ করে নিন । এতে পরবর্তী কালে সেচ প্রয়োগে সুবিধা হবে ।

সরষে : সীতা, ভাগীরথী, বরুণা ও সরমা ইত্যাদি রাই সরষের বীজ বুনুন । বীজের হার বিঘাপ্রতি ১ কিলোগ্রাম । বীজ সারিতে বুনবেন । প্রতি কেজি বীজের সঙ্গে ৩ গ্রাম থাইরাম বা ক্যাপটান মাথিয়ে নিয়ে বীজ শোধন করে বুনুন ।

মুসুর : আশা, রঞ্জন প্রভৃতি উন্নত জাতের মুসুরের রাইজোবিয়াম জীবানু মিশ্রিত বীজ (বিঘাপ্রতি ৪ - ৫ কিলোগ্রাম) ছিটিয়ে কিংবা সারিতে (৩০ সেমি X ৪ সেমি) বুনুন । মূলসার হিসাবে বিঘাপ্রতি ৫.৭৫ কিলোগ্রাম ইউরিয়া, ৪১.৫ কিলোগ্রাম সুপার ফসফেট এবং ৪.৫ কিলোগ্রাম মিউরিয়েট অফ পটাশ সার প্রয়োগ করুন । বিঘাপ্রতি ৪ কিলোগ্রাম সালফার মূলসার হিসাবে বৃদ্ধি পাবে ।

ছোলা : নির্দিষ্ট রাইজোবিয়াম জীবানু মিশ্রিত বীজ যেমন - মহামায়া - ১, মহামায়া - ২ ও অনুরাধা বুনুন । বিঘাপ্রতি বীজের হার ৬ কেজি । সার প্রয়োগ মুসুরের মত ।